# একজন ভাববাদী অন্যকে দেখিয়েছিলেন কিভাবে ঈশ্বরকে সেবা করতে হয়

**প্রার্থনা ঃ** ''স্বর্গীয় পিতা, শিশুদের প্রস্তুত করতে এই পাঠ্যটি দ্বারা সাহায্য কর, যাতে তারা অন্যশিশুদের আরও উত্তমরূপে যীশুকে অনুসরণ করতে সাহায্য করতে পারে।''

এমন কার্যকলাপ সমূহ বেছে নিন যা শিশুদের বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতির সাথে মানান সই হয়।



এলিয় ভাববাদীর দ্বারা তাঁর শক্তিকে ইলিশায়কে দেওয়ার ঘটনাটি যুক্ত করুন। **২ রাজাবলি ২ঃ১-১৫**

- যদি সম্ভব হয় তবে একজন বড় শিশুকে পাঠ করতে অথবা ঘটনাটি মুখস্থ বলতে প্রস্তুত করুন।
- প্রথমে ব্যাখ্যা করুন যে, এলিয় কিভাবে তাঁর কাজগুলি তরুণ ইলিশায়কে ন্যাস্ত করেছিলেন,
- একই ভাবে শিশুরাও তারা ঈশ্বর সম্বন্ধে যা কিছু শিক্ষা করেছে সেসব অন্যদের কাছে বলবে।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন, যদি শিশুরা সঠিক ভাবে উত্তর দিতে না পারে তবেই শুধুমাত্র উত্তর বলে দেবেন।

- তাঁর শিক্ষকের প্রতি যা ঘটবে সে বিষয়ে ইলিশায় কতটা যত্নবান ছিলেন? (উত্তর ঃ ইলিশায় তার প্রধান শিক্ষককে কখনোই একা ছেড়ে দিতে প্রস্তুত ছিলনা)
- ইলিশায় কি জানতেন যে তাঁর প্রভুকে তাঁর কাছ থেকে তুলে নেওয়া হবে? (উত্তরঃ ৩ পদ দেখ)
- (উত্তর ঃ ৯ পদ দেখ)
- ইলিশায়, এলিয়র কাছ থেকে কি পেতে চেয়েছিলেন? (উত্তর ঃ ৯ পদ দেখ)
- কি ভাবে এলিয় স্বর্গে গেছিলেন? (১১ পদ দেখ)
- যখন তাঁর প্রভু তাকে ছেড়ে গেছিল, তখন ইলিশায়ের কেমন অনুভব হয়েছিল (১২ পদ দেখ)
- ইলিশায় খুবই দুঃখার্ত হয়েছিল। প্রাচীন ইস্রায়েলে লোকেরা তাদের শোক প্রকাশের জন্য বস্ত্র ছিঁড়ে ফেলল।



রথ হতে আগুনের স্রোত বেরিয়ে আসছে এরূপ সাধারন একটি বড় রথের ছবি অঙ্কন কর। শিশুদের তা নকল করতে অথবা আঁকতে বল এবং যদি সম্ভব হয় তবে রঙ করতে দাও। বড় শিশুদের ছোটদেরকে আঁকার অথবা রঙ করার ব্যাপারে সাহায্য করতে দাও।

এলিয় এবং ইলিশায় গল্পের অথবা এর কিছু অংশকে প্রাপ্তবয়স্কদের জন্য শিশুদেরকে নাটক আকারে প্রস্তুত করতে বলুন। আরাধনাকারী নেতাদের নিয়ে প্রাপ্ত বয়স্কদের জন্য শিশুদের এই নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন। একটি বস্ত্র, অথবা ঘড়ি, এলিয়র জন্য তাঁর কাধে একটি বড় কাপড় থাকবে) প্রস্তুত কর। অভিনয়, অনুশীলন এর সময়টিকে শিক্ষা করার সময়ে পরিণত কর।

- বড় শিশুদের এলিয় এবং ইলিশায়ের অংশে পাঠ করতে দিন।
- ছোট শিশুদেরকে এলিয়র শিষ্যদের ভূমিকায় পাঠ করতে দিন।

**বিবৃতিকার ঃ** ২ রাজাবলি ২ঃ১-৭ থেকে গল্পের প্রথম ভাগটি বলবে। এরপর বলবে, ''এলিয় তার শিষ্য ইলিশায়কে কি বলছে তা শুনুন''

**এলিয় ঃ** ইলিশায়ের সাথে হাঁটবে এবং বলবে, ''আমার যাবার সময় হয়ে এসেছে। তুমি এখানে দাঁড়াও''

**ইলিশায় ঃ** বলবে, ''না, আমি শেষ পর্যন্ত তোমার সাথে থাকতে চাই।''

**এলিয়র শিষ্যরা ঃ** একদিকে দাঁড়াবে। একজন বলবে, 'ইলিশায় আমরা হলাম ভাববাদী, আমরা জানি যে, তোমার প্রভু এলিয় আজ স্বর্গে যাবেন! তে তাঁর কাজকে এগিয়ে নিয়ে যাবে?''

**বিবৃতিকার ঃ** ৮-১৪ পদগুলি থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে। এরপর বলবে, এলিয়, ইলিশায়কে কি বলছে শুনুন।''

**এলিয় ঃ** বস্ত্র দিয়ে ভূমিতে আঘাত করে বলবে,"হে ঈশ্বর নদী দুই ভাগ করে দাও। এস আমরা পার হই (ইলিশায়ের সাথে হাঁটবে)। "এবার বল, যাবার আগে আমি তোমার জন্য কি করতে পারি?"

**ইলিশায় ঃ** "আপনি চলে যাবার পর, আপনার উত্তম কার্য্যকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমি ঈশ্বরের শক্তি চাই।"

**এলিয় ঃ** "স্বর্গে নীত হবার সময় যদি তুমি আমায় দেখতে পাও, তবে ঈশ্বর কাজ চালিয়ে নিয়ে যাবার জন্য তোমায় সাহায্য করবেন।" (বস্ত্রটি মাটিতে ফেলে দেবে, এরপর চেয়ারের উপর উঠে দাঁড়িয়ে স্বর্গের দিকে দুহাত প্রসারিত করবে।)

**ইলিশায় ঃ** "হে আমার পিতা, আমি তোমাকে আগুনের রথে চড়ে স্বর্গে যেতে দেখতে পাচ্ছি!" কিছুক্ষণ ওইভাবে উপরে তাকিয়ে থাকবে, এরপর বস্ত্রটি মাটি থেকে তুলে নিয়ে ভাববাদীদের দলের কাছে ফিরে আসবে। তারপর বস্ত্রটি দিয়ে মাটিতে আঘাত করবে।

**এলিয়র শিষ্যেরা ঃ** "সবাই চীৎকার করে বলবে,"দেখ! দেখ! উনি নদীর জলকে দুভাগ করে দিলেন!" এরপর একজন ভাববাদী বলবে, এলিয়র যে ক্ষমতা ছিল, সেই একই ক্ষমতা ঈশ্বরের আত্মা, ইলিশায়কে দান করেছেন!"

**বিবৃতিকার ঃ** যারা সাহায্য করেছে তাদের সবাইকে ধন্যবাদ জানাবে।

শিশুরা যদি প্রাপ্ত বয়স্কদের জন্য এটি করে দেখায়, তবে তাদের এলিয় ও ইলিশায়ের উপর তৈরী প্রশ্নগুলিকেও যা উপরে দেওয়া হয়েছে, সেগুলিকে প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।

শিশুদের ব্যাখ্যা করুন ঃ বহুদিন আগে, মানুষ রূপে যীশুর আগমনের ও পূর্বে, এলিয় লোকদেরকে ঈশ্বরের প্রতি বাধ্য হবার শিক্ষা দান করার মাধ্যমে শিষ্য তৈরী করেছিলেন। এখন যীশু আমাদেরকে বলছেন, আমরা যেন তাঁর বাধ্য হবার শিক্ষা দেওয়ার মাধ্যমে লোকদেরকে শিষ্য করি। জিজ্ঞাসা করুন...


- অন্যান্য কি কি ভাবে আমরা অন্য শিশুদের যীশুর প্রতি বাধ্য হওয়ার ব্যাপারে সাহায্য করতে পারি?
- তোমার কি কোনও ভাই, বোন অথবা বন্ধু আছে যাকে তুমি যীশুকে জানার এবং তাঁর পরিচর্য্যা করার ব্যাপারে সাহায্য করতে পার?

শক্তিযুক্ত বস্ত্রকে অন্যান্যদের মধ্যে দিয়ে দাও।

- শিশুদের জন্য একটি বস্ত্রের ছবি আঁকুন।
- একজন শিশুকে এলিয় এবং অন্যকে ইলিশায় হতে বলুন।
- "ইলিশায়ের" হাতে বস্ত্রটি দিয়ে দিন এবং বলুন যে এটি ঈশ্বরের শক্তির প্রতীক। বলুন, "তুমি এখন সেই শক্তি প্রাপ্ত হলে, যা দ্বারা তুমি অন্যদের কাছে যীশুর সম্বন্ধে বলতে পারবে এবং তাঁর সেবা করতে পারবে।"

ব্যাখ্যা করুন, "আমাদের যে ঈশ্বরের শক্তি আছে, সে ব্যাপারে আমরা যেন স্বার্থপর না হই। আমরা শিষ্য তৈরী করি, যার অর্থ হল, আমরা অন্য শিশুদের কাছেও ঈশ্বরের বাক্য ও শক্তিকে প্রদান করে দিই। এরপর, যে 'এলিয়' হয়েছে সেই শিশুটিকে তার বস্ত্রটি যে "ইলিশায়" হয়েছে তাকে দিয়ে দিতে অলুন।

- শিশুদের একটি বস্ত্রের ছবি আঁকতে বলুন, যা তারা পরবর্তী আরাধনার সময়ে প্রাপ্ত বয়স্কদের দেখাবে।
- শিশুদের এইগুলি ব্যাখ্যা করার জন্য প্রস্তুত করুন যে, এলিয়, ইলিশায়কে এই বস্ত্রটি প্রদান করেছিল। এই ব্যাপারটি এবং আমরাও কিরূপে অন্যদেরকে ঈশ্বরের শক্তি এবং উত্তম বিষয়গুলিকে প্রদান করতে পারি, তার দৃষ্টান্ত আমাদের সামনে তুলে ধরে।



মুখস্থ পদ ঃ যোহন ২০ঃ২১

কবিতা ঃ তিনজন শিশুর প্রত্যেককে গীত সংহিতা ৩৯ঃ৪, ৫, ৭ পদকে আবৃত্তি করতে দিন।

শিশুদের সাথে এই প্রার্থনা করুন ঃ

হে প্রভু, তুমি আমাদের সেই সমস্তলোককে তোমার শিষ্য করতে বলেছ যারা তুমি যে সব আজ্ঞা দিয়েছো, তার সবগুলিই মেনে চলবে। আমাদেরকে বাধ্য হতে সাহায্য করার জন্য তুমি আমাদেরকে তোমার বাক্য এবং তোমার আত্মাকে দিয়েছিলে। আমাদেরকে উত্তম শিষ্য হতে সাহায্য কর। অন্যদেরকেও যীশুর সম্বন্ধে আমাদের বলতে সাহায্য কর, যাতে তারাও উত্তম শিষ্য হয়ে উঠতে পারে।"

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net